



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ২২৩৩৬৪১১৫

www.dhakacitycollege.edu.bd

সূত্র নং

তারিখ : ২২/০৮/২০২৪

ফ্যাসিস্ট, স্বৈরাচার ও আওয়ামী বাকশাল বিরোধী ছাত্র আন্দোলনের অত্ৰসৈনিক ঢাকা সিটি কলেজের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে স্পষ্ট বার্তা

আমরা, ঢাকা সিটি কলেজের সম্মানিত শিক্ষকবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারী, অত্যন্ত দৃঢ়তার সাথে জানাতে চাই যে, গত ৭ আগস্ট ২০২৪ তারিখে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা যে প্রতিবাদ করেছিল, তার প্রতি আমরা পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমরা একমত যে, ছাত্রলীগের কিছু ক্যাডারকে শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়া, বৈষম্য বিরোধী আন্দোলনের প্রতি অসহযোগিতা ও বিরোধীতা করা, কলেজের তহবিলের অপব্যবহার এবং ঢাকা সিটি কলেজের গৌরবময় ইতিহাসের সাথে বেমানান পরিচালনার কারণে, অধ্যক্ষ প্রফেসর বেদার উদ্দিন আহমেদ এবং উপাধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ মোশাররফ হোসেন চৌধুরীর পদত্যাগের ও ৬ জন শিক্ষকের বরখাস্তের দাবি ছিল সঠিক ও ন্যায়সংগত।

আমরা এটাও স্পষ্ট করতে চাই যে, আজও আমরা এই সিদ্ধান্তে অবিচল রয়েছি এবং আমাদের মধ্যে কোনো ভিন্নমত নেই। আমাদের অভিন্ন লক্ষ্য হলো, বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর কাজি নেয়ামুল হক এবং উপাধ্যক্ষ প্রফেসর মোঃ মোখলেসুর রহমান এর নেতৃত্বে ঢাকা সিটি কলেজকে পূর্বের গৌরব ফিরিয়ে দেওয়া। আমরা কোনোভাবেই স্বৈরাচারী ও ফ্যাসিস্ট শক্তির প্রভাবকে আমাদের প্রিয় কলেজে জায়গা দেব না।

আমাদের অঙ্গীকার, প্রয়াত অধ্যক্ষ মো. হাফিজ উদ্দীন স্যারের মতো এই কলেজকে পুনরায় একটি অনুসরণীয় শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা। আমরা বিশ্বাস করি, শিক্ষার্থীদের সাথে একত্রে কাজ করে আমরা কলেজের হারানো গৌরব পুনরুদ্ধার করতে পারবো, ইনশাআল্লাহ।

সংযুক্তিঃ সকল শিক্ষকবৃন্দের স্বাক্ষর